**DEPARTMENT OF HISTORY**
**RAMSADAY COLLEGE**
**SEMESTER-2ND**
**CC-4**
**TOPIC : CHURCH**

**BY - SANKARDEV MAITI**



**Saint Peter’s Basilica, Vatican**

Source: wikipedia.org

# পোপতন্ত্র বা চার্চ সংগঠন

রোমান ক্যাথলিক ধর্মজগতের প্রধাণ হলেন পোপ। 'পোপ' এই ইংরেজী শব্দটি ল্যাটিন 'Papa' এবং গ্রীক 'Pappas' শব্দ থেকে এসেছে। যার অর্থ পিতা বা Father। প্রথমদিকে পাশ্চাত্যের

সমস্ত বিশপেরাই 'পোপ' উপাধি গ্রহণ করতেন কিন্তু ১০৭৩ খ্রীঃ পোপ সপ্তম গ্রেগরী 'পোপ' উপাধি কেবলমাত্র রোমের বিশপের জন্য নির্দিষ্ট করেন। চিরাচরিত প্রথা আনুসারে সেন্ট পিটারকে প্রথম পোপ হিসাবে মান্য করা হয়। পোপতান্ত্রিক বর্ষপঞ্জী অনুসারে (Annuario Pontificio) সেন্ট পিটার থেকে আজ পর্যন্ত ২৬০ জনের বেশি এই পদে অধিষ্ঠিত হয়েছেন।

পোপতন্ত্রের উদ্ভব ও বিকাশঘটে খ্রীষ্ট ধর্মাবলম্বীদের উপাসনা স্থল চার্চকে কেন্দ্র করে। প্রথমদিকে চার্চকেন্দ্রিক খ্রীষ্টধর্ম ছিল সহজ ও অনাড়ম্বর কিন্তু ক্রমে তা জটিল ও আড়ম্বরপূর্ণ হয়ে ওঠে। কালক্রমে চার্চ একটি সংগঠিত শক্তিতে পরিনত হয়। আর এই ব্যবস্থার প্রধান হিসাবে পোপেরও ধর্মের পাশাপাশি রাজনৈতিক প্রভাব প্রতিপত্তি ক্রমশ বৃদ্ধি পেতে থাকে। পোপতন্ত্রের উত্থান ও বিকাশ ঘটেছিল রোমান চার্চকে কেন্দ্র করে। যার অনিবার্য পরিনতি হিসাবে দেখা দেয় পোপতন্ত্র ও রাজতন্ত্রের মধ্যে সংঘাত।

## রোমান চার্চের সাফল্যের কারণ ঃ

মধ্যযুগের ইউরোপের  ধর্মীয় ও রাজনৈতিক ইতিহাসে  একটি গুরুত্বপূর্ন ঘটনা হল রোমান চার্চের উত্থান। রোমান চার্চের উত্থানের পেছনে যে সমস্ত কারণ ছিল সেগুলি হল -

প্রথমত, রোমান চার্চের প্রতিষ্ঠাতা ছিলেন প্রভু যিশুর প্রধান অনুগামী সেন্ট পিটার।

দ্বিতীয়ত, রোম ছিল রোমান সাম্রাজ্যের রাজধানী এবং রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের মূলকেন্দ্র ও তৎকালীন ইউরোপের সবচেয়ে বড় শহর। ফলে স্বভাবিক ভাবেই রোমান চার্চ গুরুত্বপূর্ণ হয়ে ওঠে।

তৃতীয়ত, রোমান সাম্রাজ্যে খ্রীষ্টধর্ম প্রচারে নেতৃত্ব দান করেছিল রোমের সেন্ট পিটার গির্জার যাজকগণ।

চতুর্থত, রোমান সাম্রাজ্য দ্বিখণ্ডিত হওয়ার পর রোমের উপর পোপের রাজনৈতিক প্রভাব বৃদ্ধি পায়।

পঞ্চমত, বিভিন্ন বর্বর উপজাতীর আক্রমণের হাত থেকে রোমন নগরীকে রক্ষা করা এবং ফ্রাঙ্ক, লোম্বার্ড, অ্যাংলো-স্যাক্সন প্রভৃতি বর্বর উপজাতীকে খ্রীষ্টধর্মে দীক্ষিত করার সমস্ত কৃতিত্ব ছিল রোমান ধর্মযাজকদের।

ষষ্ঠত, রোম নগরী ছিল  খ্রীষ্টধর্মাবলম্বীদের কাছে পবিত্র শহর।কারণ খ্রীষ্টধর্মাবলম্বীরা বিশ্বাস করত ক্রুসবিদ্ধ হওয়ার পর যিশু জীবিত হয়ে রোমে বাস করবেন।

সপ্তমত, পোপ প্রথম গ্রেগরির (৫৯০-৬০৪ খ্রীঃ) আনবদ্য নেতৃত্ব রোমান চার্চের উত্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

**পোপতন্ত্রের উত্থানের কারণ ঃ**

১. রোমান সম্রাট কর্তৃক খ্রীষ্ট ধর্মের স্বীকৃতি

২. রোমান সাম্রাজ্যের অবক্ষয় ও পতন জনিত বিশৃঙ্খল পর্বে খ্রীষ্ট ধর্ম কর্তৃক সাধারণ মানুষের মধ্যে আশার সঞ্চার

৩. রোমের সিংহাসনের শূণ্যতার পর্বে বর্বর আক্রমণের হাত থেকে পোপ কর্তক রোমকে রক্ষা

৪. পোপের সাহায্যে সম্রাট পদ লাভ

৫. পোপ প্রথম গ্রেগরী, সপ্তম গ্রেগরী, তৃতীয় আলেকজাণ্ডার এবং তৃতীয় ইনোসেন্ট প্রমুখের পোপতন্ত্রের বিকাশে গুরুত্বপূর্ণ অবদান

৬. সম্রাট তৃতীয় ভ্যালেন্টাইন কর্তৃক পোপের ক্ষমার স্বীকৃতি


First Pope Saint Peter


Gregory-i (590-604 A.D)


Gregory-Vii (1073-1085 A.D)


Alexander-iii (1159-1181)


Innocent-iii (1198-1216)

Source: wikipedia.org

## তথ্য সহায়তা

ড. আসিফ জামাল লস্কর, *বিশ্ব সভ্যতার মধ্যযুগ সামাজিক সংগঠন ও সাংস্কৃতিক বিন্যাস,* প্রগ্রেসিভ পাবলিশার্স, কলকাতা, পৃঃ ১৮৫-১৯০।

wikipedia.org